দৈনিক ইত্তেফাক

4

তারিখ ... SEP. 1[illegible] 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৩....

# শিক্ষা দিবস পালন

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা ভবনের নিকটস্থ শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ এবং সভা-সমাবেশের মধ্য দিয়া বিভিন্ন ছাত্রসংগঠন গতকাল (শুক্রবার) মহান শিক্ষা দিবস পালন করে। ছাত্রলীগের (১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা দিবস

(শেষ পৃষ্ঠার পর)

উদ্যোগে এই উপলক্ষে বিকালে টিএসসির সড়কমোহনায় আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি বস্ত্র প্রতিমন্ত্রী খ ম জাহাঙ্গীর বলেন, ছাত্রদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার অঙ্গীকার গ্রহণ করিতে হইবে। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে এই সভায় সাধারণ সম্পাদক অজয় কর খোকন, কাজী এবাদত হোসেন, সুজিত রায় নন্দী, আনিসুর রহমান, আশরাফুল আজিম রুবন প্রমুখ বক্তব্য রাখেন।

ক্যাম্পাস হইতে ছাত্রদলের উদ্যোগে একটি মিছিল শিক্ষাভবনের সম্মুখে গিয়া পুষ্পমাল্য অর্পণ শেষে সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে আজিজুল বারী হেলালের সভাপতিত্বে বক্তব্য রাখেন রকিবুল ইসলাম বকুল, মাহবুবুল হক নান্নু, বজলুল বাসিত, মোশাররফ হোসেন, মনির হোসেন, এম এ হাশেম রাজু, হাসান মঞ্জুর, শফিউল বারী বাবু প্রমুখ। সমাবেশে বলা হয়, সরকার শিক্ষা ব্যবস্থা ধ্বংস করিতেছে।

ছাত্রমৈত্রী শিক্ষা দিবস উপলক্ষে মধুর ক্যান্টিনের সম্মুখে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন মৈত্রীর সভাপতি জিয়াউল হক জিয়া ও সাধারণ সম্পাদক দীপংকর সাহা দীপু। ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, সমাজবাদী ছাত্রজোট শিক্ষা ভবনের সম্মুখে পুষ্পমাল্য অর্পণ ও সমাবেশ কর্মসূচী পালন করে।

জাতীয় ছাত্র সমাজ ঢাকা মহানগরী শাখার উদ্যোগে কেন্দ্রীয় কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আবু নাছের ওয়াহেদ রানা। প্রধান অতিথি ছিলেন সাবেক শিক্ষামন্ত্রী ও জাতীয় পার্টির প্রেসিডিয়ামের সদস্য শেখ শহীদুল ইসলাম। বক্তব্য রাখেন যুগ্ম-মহাসচিব আজম খান, শফিকুল ইসলাম সেন্টু, আদনান আখতার, জসিমউদ্দিন ভুঁইয়া, শামীম আহমেদ রিজভী, আবু নাছের রানা।